গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০২০.২৩-৭৪৬

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ / ০৪ নভেম্বর ২০২৫

প্রজ্ঞাপন

চিকিৎসা শিক্ষায় বেসিক সাবজেক্টের শিক্ষক সংকট দূরীকরণের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২৫.০৯.২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৫৫.০১০.১৩(অংশ)-২৪২ স্মারকে মঞ্জুরকৃত দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, সেন্টার ফর মেডিকেল এডুকেশন এবং ১৯টি বিশেষায়িত প্রতিষ্ঠানে ১০ (দশ) টি সাবজেক্টে (এনাটমি, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি, ফার্মাকোলজি, ফরেনসিক মেডিসিন, কমিউনিটি মেডিসিন, প্যাথলজি, মাইক্রোবায়োলজি, ভাইরোলজি ও এনেস্থেসিওলজি) পাঠদানরত শিক্ষকদের অনুকূলে নন-প্র্যাকটিসিং ভাতা হিসেবে মূলবেতনের ৭০% হারে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মাসিক প্রণোদনা ভাতা প্রদান করা হলো:

শর্তাবলিঃ

ক) সরকারি মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, সরকারি চিকিৎসা প্রতিষ্ঠান, বিশেষায়িত প্রতিষ্ঠানে কর্মরত স্নাতকোত্তর ডিগ্রিধারী বেসিক সাবজেক্টের শিক্ষকগণকে মাসিক প্রণোদনা ভাতা প্রদানের লক্ষ্যে তাঁদের নিকট হতে দাপ্তরিকভাবে নন-প্র্যাকটিসিং ডিক্লারেশন নিতে হবে। সংশ্লিষ্ট সাবজেক্টের কোন শিক্ষক নন-প্র্যাকটিসিং ডিক্লারেশন দিতে ব্যর্থ হলে কিংবা প্র্যাকটিসিং-এর সাথে জড়িত মর্মে প্রমাণিত হলে তিনি উক্ত প্রণোদনা ভাতা প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না;

খ) চলতি ২০২৫-২০২৬ অর্থবছর হতে এই আর্থিক সুবিধা কার্যকর হবে;

গ) এ ভাতা প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অবশ্যই অনুসরণ করতে হবে;

ঘ) ৯ম জাতীয় বেতন স্কেলে এই ভাতার হার অপরিবর্তনীয় থাকবে; এবং

ঙ) এ ভাতা সংক্রান্ত ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
০৪.১১.২০২৫
(সঞ্জীব দাশ)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৫৫১০০৭৩০
e-mail: me1@mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০২০.২৩-৭৪৬

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ / ০৪ নভেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
০৬। অধ্যক্ষ/পরিচালক,..... মেডিকেল/ডেন্টাল কলেজ/বিশেষায়িত প্রতিষ্ঠান (সকল)।
০৭। পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, মহাখালী, ঢাকা।
০৮। উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
০৯। বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।(মাননীয় বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)
১০। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১৩। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, ...।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

০৪.১১.২০২৫
(সঞ্জীব দাশ)
সিনিয়র সহকারী সচিব